

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(আইসিটি শাখা)

www.molwa.gov.bd

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির, ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) বাস্তবায়ন অগ্রগতিসহ সেপ্টেম্বর, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ : ০৮/১০/২০১৮ খ্রিঃ
সভার সময় : সকাল- ১০:৩০ টা
স্থান : সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫)
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য যুগ্মসচিব (আইসিটি) ও কমিটির সদস্য সচিব-কে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সেপ্টেম্বর, ২০১৮ ও ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	<p>১.১: বর্তমান অর্থবছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেপ্টেম্বর, ২০১৮ ও ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) সময়ের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ করায় সভায় ধন্যবাদ জানান হয় এবং প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়।</p> <p>১.২: (ক) বাজেট শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ-এর [১.৭.১] নং সূচকে মুক্তিযোদ্ধা ও তাদের সন্তান-সন্ততিদের মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণের হার নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন কম হওয়ায় ঋণ বিতরণের হার বৃদ্ধি করার জন্য মহাপরিচালক, বিআরডিবি'র বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়।</p> <p>(খ) লাইব্রেরী শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ-এর [৩.৭.১] নং সূচকে মুক্তিযুদ্ধ ভিত্তিক বই-পুস্তক বিতরণ- এর পরিমাণ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন অনেক কম হওয়ায় মুক্তিযুদ্ধ বিষয়ক বই-পুস্তক বিতরণের পরিমাণ বৃদ্ধি করার জন্য উপসচিব (ইতিহাস গবেষণা ও সংরক্ষণ) কে বিশেষভাবে অনুরোধ জানান। যুগ্মসচিব (আইসিটি) আগস্ট, ২০১৮ মাসের ১.২ (খ) এর সিদ্ধান্ত অনুযায়ী সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে স্থাপিত মুক্তিযুদ্ধ কর্ণারে মুক্তিযুদ্ধ বিষয়ক বই-পুস্তক বিতরণের করা হয়েছে কিনা জানতে চাইলে উপসচিব (ইতিহাস গবেষণা ও সংরক্ষণ), জানান শীঘ্রই প্রেরণ করা হবে।</p> <p>১.৩: [১.৮.১] নং কর্মসম্পাদন সূচকে মুক্তিযোদ্ধাদের নাম, গেজেট অন্তর্ভুক্তি (বীরাঙ্গনাসহ), সংশোধিত গেজেট প্রকাশ ও এ সংক্রান্ত আবেদন নিষ্পত্তি হার সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন হওয়ায় গেজেট অধিশাখার সকলকে ধন্যবাদ জানান এবং লক্ষ্যমাত্রা ৫% বৃদ্ধি করার জন্য গত ১৩-০৯-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যবধি কোন জবাব পাওয়া যায়নি। [১.১২.১] নং কর্মসম্পাদন সূচকে সাময়িক সনদ প্রদানের আবেদন নিষ্পত্তিকৃত ও [১.১২.২] নং কর্মসম্পাদন সূচকে প্রত্যয়ন সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকৃত তথ্যের (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) প্রমাণক আইসিটি শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ জানান হয়।</p> <p>১.৪: [১.৯.১] নং কর্মসম্পাদন সূচকে হাট-বাজারের ইজারালক প্রাপ্ত ৪% অর্থ মুক্তিযোদ্ধাদের কল্যাণে বরাদ্দের লক্ষ্যমাত্রা অর্জন হওয়ায় আটটি বিভাগের ষোলটি জেলার চেক প্রাপ্তি স্বীকারের প্রমাণক আইসিটি শাখায় প্রেরণ করার জন্য উপসচিব (হিসাব) কে অনুরোধ জানান হয়।</p>	<p>১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুবিম ২। মহাপরিচালক, বিআরডিবি ৩। যুগ্মসচিব (গেজেট, সনদ ও প্রত্যয়ন/উন্নয়ন), মুবিম ৪। উপ-সচিব (প্রশাসন-১ / হিসাব / গেজেট / সনদ / প্রত্যয়ন / প্রশিক্ষণ / বাজেট / লাইব্রেরী) মুবিম। ৫। উপ-প্রধান, মুবিম। ৬। সিনিয়র সহকারী সচিব (প্রত্যয়ন / প্রশাসন), মুবিম</p> <p>১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/গেজেট, সনদ, প্রত্যয়ন), মুবিম ২। যুগ্মসচিব (উন্নয়ন/আইসিটি) মুবিম ৩। উপ-প্রধান, মুবিম</p>